

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর,

পূর্তভবন, সেগুনবাগিচা, ঢাকা।

ফোন-৯৫৬২৭৯৫, ফ্যাক্স-৮৮-০২-৯৫৬২৯১৩

Visit <http://www.pwd.gov.bd>

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০২৫.১৫/২৯৭৬

হি-১.

তারিখঃ ২৬/০৬/২০১৬  
৩০/০৬/২০১৬

বরাবর,  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
গণপূর্ত সার্কেল, রংপুর।

বিষয়ঃ- ২০১৫-২০১৬ আর্থিক সালে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন স্বাস্থ্য স্থাপনা সমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য অর্থ বরাদ্দ।

উপরোক্ত বিষয়ে বর্ণিত কাজে চলতি আর্থিক সালে খরচ করিবার জন্য মোট=১৩.৫০ লক্ষ (তের লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র নিম্ন বর্ণিত তালিকা মোতাবেক বরাদ্দ করা হইলঃ

ক্র	কাজের নাম	টাকার পরিমাণ	গণপূর্ত বিভাগের নাম	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মঞ্জুরী পত্রের স্মারক নং ও তারিখ
০১	পঞ্চগড় সিভিল সার্জন এর কার্যালয়ে (১ম) তলায় খাঁই ছাপনসহ এপ্রোম ও ড্রেন মেরামত করণ কাজ।	২.৫০ লক্ষ	পঞ্চগড়	নং/৪০/১(১০) তারিখ-২৫-০১- ২০১৬ইং।
০২	পঞ্চগড় সিভিল সার্জনের বাসভবনের সীমানা প্রাচীরের সম্মুখ অংশ সংস্কার করণ কাজ।	১.৫০ লক্ষ		
০৩	পঞ্চগড় সদর হাসপাতালের সিভিল সেনিটারী মেরামত কাজ।	২.৫০ লক্ষ		
০৪	পঞ্চগড় সদর হাসপাতালের আন্তঃতরীণ বৈদ্যুতিক মেরামত ও পরিবর্তনকরণ কাজ।	৩.০০ লক্ষ		
০৫	পঞ্চগড় জেলায় নার্সিং ইন্সটিটিউট এর অস্ত্রস্তরীণ বৈদ্যুতিক মেরামত, ফিটিংস ফিকচার্স সমূহ পরিবর্তন/ মেরামত করণ কাজ।	৪.০০ লক্ষ		
		মোট=	১৩.৫০ লক্ষ	

উক্ত খরচ উপ-সচিব, মেরামত ও রক্ষণাবেক্ষণ অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার স্মারক নং/৪০/১(১০) তারিখ-২৫-০১-২০১৬ইং এর দ্বারা মঞ্জুরীকৃত এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকার স্মারক নং/১৪৭৩ তারিখঃ-২৯/০৬/২০১৬ ইং এর দ্বারা পৃষ্ঠাংকনের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত =১৩.৫০ লক্ষ টাকা হিসাবের কোড নং-৩-২৭০১-০০০১-৪৯৩১ অন্যান্য ভবন ও স্থাপনা মেরামত ও সংরক্ষণ খাতে ২০১৫-২০১৬ আর্থিক সালের বাজেট বরাদ্দ হইতে সংকুলান করিতে হইবে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং/৪৫.১৬৬.১১৪.০১.০০.০৬২.২০১৫-০৫ তারিখ-১৩/০১/২০১৬ইং এর মূলে জারীকৃত সরকারী মঞ্জুরী আদেশের মোট বরাদ্দকৃত ১৮১৭.১০ লক্ষ টাকা হইতে সমন্বয় করিতে হইবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান নিয়মাচার আনুষ্ঠানিক পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করিবার নিমিত্তে নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় গণপূর্ত বিভাগের নিকট পুনঃ বরাদ্দ প্রদান করিয়া সাথে সাথে অত্র অধিদপ্তরকে জানাইতে অনুরোধ করা হইল। উক্ত অর্থ খরচ করিবার পূর্বে মঞ্জুরীপত্রে বর্ণিত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ/পালন করিতে হইবে এবং বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন প্রকার অনিয়ম উদঘাটিত হইলে বিল পরিশোধকারী দায়ী থাকিবে।

(মোসলেহ উদ্দীন আহম্মদ)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়)  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

E-mail:-se-coord@pwd.gov.bd

ফোন-৯৫৬৮৯১৪

তারিখঃ ২৬/০৬/২০১৬

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০২৫.১৫/২৯৭৬/১৩১ হি-১.

অনুলিপি সদর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়)ঃ-

- ০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সওস)/(স্বাস্থ্য উইং), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রংপুর।
- ০৩। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, ঢাকা।
- ০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়)/(মনিটরিং এন্ড অডিট)/(পিপিসি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৬। উপ-সচিব, মেরামত ও রক্ষণাবেক্ষণ অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইহা উপরে বর্ণিত তাহার স্মারক ও তারিখের বরাতে।
- ০৭। উপ-সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পঞ্চগড়।
- ০৯। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। নির্বাহী প্রকৌশলী, এম, আই, এস, সেল, রুম নং-৫১৬, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা। ইহা উপরে বর্ণিত তাহার স্মারক ও তারিখের বরাতে।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৩। তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৪। জেলা হিসাব রক্ষণ, কর্মকর্তা, পঞ্চগড়।
- ১৫। গার্ড ফাইল, হিসাব শাখা-১/ হিসাব সেবা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(মোসলেহ উদ্দীন আহম্মদ)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়)  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।